গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

# টাঙ্গাইল কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র

নগর জালফৈ, টাঙ্গাইল।

ASSET Project

স্মারক নং-৪৯.০১.৯৩৯৫.০০৩.১৪.১১৬.২৫.৬৯৩ তারিখ- ০৫ অক্টোবর, ২০২৫খ্রিঃ

## ASSET প্রকল্পের আওতায় প্রশিক্ষণ কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

**"দক্ষতা নিজের সম্পদ, দক্ষ জনশক্তি দেশের সম্পদ"**

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো কর্তৃক পরিচালিত টাঙ্গাইল কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, নগর জালফৈ, টাঙ্গাইলে দেশের কর্মক্ষম যুবজনগোষ্ঠীকে ( **বেকার, অদক্ষ, অপ্রশিক্ষিত ও অনপাঠী(NEET), প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী বা পিছিয়ে পড়া জনগোষ্ঠী**) সংক্ষিপ্ত প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ হিসেবে গড়ে তোলা এবং মর্যাদাসম্পন্ন কর্মজীবনে প্রবেশে সহযোগিতা করার লক্ষ্যে **Accelerating and Strengthening Skills for Economic Transformation (ASSET)** প্রকল্পের আওতায় ০৩ (তিন) মাস মেয়াদি কোর্সে নভেম্বর/২০২৫ইং হতে জানুয়ারী, ২০২৬ইং সেশনে নিম্নবর্ণিত ছক মোতাবেক প্রশিক্ষণার্থী ভর্তি করা হবে। **ভর্তি ইচ্ছুক প্রশিক্ষণার্থীকে নির্ধারিত তারিখের মধ্যে কেন্দ্রের ওয়েবসাইট** https://www.tangailttc.com **থেকে অনলাইনে আবেদন করতে হবে।** আবেদনের প্রিন্ট কপি আগামী ২৭ অক্টোবর, ২০২৫খ্রিঃ তারিখ পর্যন্ত সকাল ০৮:০০ ঘটিকা হতে বিকাল ০৪:০০ ঘটিকার মধ্যে (সরকারি ছুটির দিন ব্যতিত) কেন্দ্রের স্ব স্ব ট্রেডে জমা দিতে হবে।

| কোর্সের ধরণ | কোর্সের নাম | মেয়াদ | বয়স | ভর্তির যোগ্যতা | আসন সংখ্যা | ভর্তি কার্যক্রম |
|---|---|---|---|---|---|---|
| **ASSET** -এর আওতায় বিশ্ব ব্যাংকের অর্থায়নে পরিচালিত | কনজ্যুমার ইলেকট্রনিক্স (লেভেল-১) | ০৩ মাস | ১৮-৪৫ বছর | ৮ম/জেএসসি /সমমান পাশ | ২৪ | অনলাইনে আবেদন ফরম পূরণের শেষ তারিখ ঃ ১০.১০.২০২৫ইং হতে ২৬.১০.২০২৫ইং তারিখ পর্যন্ত। ভর্তি পরীক্ষার তারিখ ও সময় ঃ ২৮.১০.২০২৫ইং তারিখ সকাল ০৯:০০ ঘটিকায়। ভর্তি (মেধাক্রম অনুসারে) ঃ ২৯.১০.২০২৫ইং হতে ৩০.১০.২০২৫ইং তারিখ পর্যন্ত। ক্লাশ শুরুর তারিখ ঃ ০১.১১.২০২৫ইং। |
| | অটোমোটিভ মেকানিক্স (লেভেল-১) | ০৩ মাস | | ৮ম/জেএসসি /সমমান পাশ | ২৪ | |
| | প্লাম্বিং (লেভেল-২) | ০৩ মাস | | ৮ম/জেএসসি /সমমান পাশ | ২৪ | |
| | মেশনারি ওয়ার্কস (লেভেল-২) | ০৩ মাস | | ৮ম/জেএসসি /সমমান পাশ | ২৪ | |
| | ইলেকট্রিক্যাল ইন্সটলেশন এন্ড মেইনটেন্যান্স (লেভেল-২) | ০৩ মাস | | ৮ম/জেএসসি /সমমান পাশ | ২৪ | |

### ভর্তির শর্ত সমূহ ঃ

- **বেকার, অদক্ষ, অপ্রশিক্ষিত ও অনপাঠী(NEET) জনগোষ্ঠীকে** ভর্তির ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে এবং প্রতি অকুপেশনে প্রশিক্ষণার্থী ভর্তির ক্ষেত্রে কমপক্ষে ৪০% নারী আসন সংরক্ষিত থাকবে। প্রশিক্ষণ শেষে সংশ্লিষ্ট শিল্পে চাকরি/কাজ করার মানসিকতা থাকতে হবে।
- প্রত্যেক আগ্রহী প্রার্থীদেরকে অবশ্যই BNQF Level Assessment সম্পন্ন করতে হবে।
- প্রশিক্ষণ শেষে NSDA কর্তৃক সনদপত্র প্রদানসহ সংশ্লিষ্ট শিল্পে চাকরির জন্য সহযোগীতা প্রদান করা হবে।
- অন্য কোন প্রতিষ্ঠানে অধ্যায়নরত/প্রশিক্ষণরত বৃত্তিপ্রাপ্ত ছাত্র-ছাত্রীদের এ কোর্সের আওতায় প্রশিক্ষণ প্রদান করা হবে না।
- ভর্তির ক্ষেত্রে প্রত্যেক অকুপেশনে **ASSET** প্রকল্পের নির্দেশনা অনুসরণ করা হবে।
- প্রশিক্ষণার্থীদের উপস্থিতি ফেসিয়াল রিকগনিশন ক্যামেরা এবং বায়োমেট্রিক হাজিরার মাধ্যমে নিশ্চিত করা হবে।
- **ক্লাশে উপস্থিতির ভিত্তিতে কোর্স সমাপ্তির পর প্রশিক্ষণার্থীগণকে প্রতি মাসে ১৫০০.০০ টাকা এবং নারী, প্রতিবন্ধী ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রশিক্ষণার্থীগণকে প্রতি মাসে ২০০০.০০ টাকা হারে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে। এছাড়াও সকল প্রশিক্ষণার্থীগণকে যাতায়াত ভাতা হিসেবে দৈনিক ১০০.০০ টাকা করে মাসিক সর্বোচ্চ ২৫০০.০০ টাকা প্রদান করা হবে।**

### আবেদনপত্রের প্রিন্ট কপি জমাদানের সময় যে সকল কাগজপত্র সমূহ দাখিল করতে হবে ঃ

(১) শিক্ষাগত যোগ্যতার ফটোকপি (২) জাতীয় পরিচয় পত্র/জন্ম সনদের ফটোকপি। (৩) পাসপোর্ট সাইজের ছবি ৩ কপি (৪) নাগরিকত্ব সনদপত্র ১ কপি (০৫) পাসপোর্ট এর ফটোকপি (যদি থাকে)।

### ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগের ঠিকানা ঃ

**কনজ্যুমার ইলেকট্রনিক্স ঃ** জনাব মোঃ শহিদুল ইসলাম, সিনিয়র ইন্সট্রাক্টর, মোবাইল ঃ ০১৭১৭৩৫২৬৩৪

**অটোমোটিভ মেকানিক্স ঃ** জনাব মোঃ মিজানুর রহমান, ইন্সট্রাক্টর, মোবাইল ঃ ০১৭১২৭২৩৭৬৫

**প্লাম্বিং ঃ** জনাব নজরুল ইসলাম, ইন্সট্রাক্টর, মোবাইল ঃ ০১৬৭৬৬৩০১৬৪

**মেশনারি ওয়ার্কস ঃ** জনাব মোঃ মনিরুজ্জামান, ইন্সট্রাক্টর, মোবাইল ঃ ০১৬২৫৪৪২৩৬২

**ইলেকট্রিক্যাল ইন্সটলেশন এন্ড মেইনটেন্যান্স ঃ** জনাব মোঃ খায়রুল ইসলাম, ইন্সট্রাক্টর, মোবাইল ঃ ০১৭৪০৫৯৮৪২৪

মোঃ রাশেদুল ইসলাম
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
টাঙ্গাইল কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র
নগর জালফৈ, টাঙ্গাইল।